হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৯ ঃ মেহেরপুর- শুক্রবার ১২ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২৮ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১৮ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## ডাকসু নির্বাচন শান্তিপূর্ণ হওয়ায় স্বরাষ্ট্র উপদেষ্টাকে উপদেষ্টা পরিষদের ধন্যবাদ

নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরীকে ধন্যবাদ দিয়েছে উপদেষ্টা পরিষদ।
বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বৈঠকে এই ধন্যবাদ জ্ঞাপন করা হয়।
বৈঠক শেষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।
প্রেস সচিব জানান, ডাকসু নির্বাচন শান্তিপূর্ণভাবে হওয়ায় উপদেষ্টা পরিষদের বৈঠকে স্বরাষ্ট্র উপদেষ্টাকে ধন্যবাদ জানানো হয়।
উপদেষ্টা পরিষদের বৈঠকে নেপালের পরিস্থিতি নিয়েও জানানো হয়। সেখানে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, 'বিমানবাহিনী একটি বিশেষ বিমান দিয়েছে। আমরা আশা করছি আজকেই বাংলাদেশিরা ফেরত চলে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরের ক্লিনিকে স্বাস্থ্যঝুঁকি

## মেয়াদোত্তীর্ণ ঔষধ, জনবল সংকট ও তদারকির অভাবে রোগীর জীবন হুমকির মুখে

নিজস্ব প্রতিবেদক

- ওষুধ সংরক্ষণে গুরুতর অনিয়ম
- দক্ষ ও নিবন্ধিত চিকিৎসকের চরম অভাব
- অপারেশন থিয়েটারে মেয়াদোত্তীর্ণ ওষুধ ব্যবহার
- ভুল চিকিৎসা ও নিম্নমানের ওষুধে রোগী ক্ষতিগ্রস্ত
- অবস্থা এতটাই ভয়াবহ যে ক্লিনিকের ম্যানেজার নিজেই অস্ত্রোপচার করেন

মেহেরপুর শহর ও উপজেলার বিভিন্ন বেসরকারি ক্লিনিকে স্বাস্থ্যসেবার নামে চরম অনিয়ম চলছে। স্বাস্থ্য বিভাগের সাম্প্রতিক তদারকি প্রতিবেদনে উঠে এসেছে অপারেশন থিয়েটারে মেয়াদোত্তীর্ণ ঔষধ ব্যবহার, দক্ষ চিকিৎসকের অভাব, ওষুধ সংরক্ষণে অনিয়মসহ নানা সমস্যা। জেলা স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, গত তিন মাসে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলায় মোট ২২টি বেসরকারি ক্লিনিক তদারকি করা হয়। এর মধ্যে ১৪টি ক্লিনিকে অনিয়ম ধরা পড়ে, আর ৯টিতে মেয়াদোত্তীর্ণ ওষুধ মজুত ছিল। এ সময় ৬টি ক্লিনিককে সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয় এবং প্রায় ৫ লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে। তবে স্থানীয়রা বলছেন, জরিমানা দিয়ে ক্লিনিকগুলো আবার আগের মতোই কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সদর হাসপাতালে চিকিৎসা না পেয়ে ক্লিনিকে গিয়েছিলেন এমন অন্তত ৪৫ জন রোগীর অভিযোগ স্বাস্থ্য দপ্তরে নথিভুক্ত হয়েছে। এর মধ্যে ১২ জন রোগী ভুল চিকিৎসা বা নিম্নমানের ওষুধের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ রয়েছে। একজন রোগীর স্বজন জাহানারা জানান, "আমার ভাইয়ের পায়ের অস্ত্রোপচারের পর সংক্রমণ হয়। পরে ঢাকায় নিয়ে গেলে চিকিৎসকরা বলেন, অপারেশনের সময় ব্যবহার করা স্যালাইন ও অ্যান্টিবায়োটিক ছিল নিম্নমানের।" রমেশ ক্লিনিকের অবস্থা আরও ভয়াবহ। সুযোগ পেলে ক্লিনিকের ম্যানাজার শহিদুল নিজেই অপারেশন করেনে। ঐ ক্লিনিকেরই সিনিয়র নার্স স্বর্ণালী খাতুন নামে এক রোগীর মৃত্যু হলে বিষয়টি সকলের সামনে আসে। নিহত স্বর্ণালী খাতুনের মামাতো ভাই রতবেল অভিযোগ করেন অপারেশনের রাতে আমার বোনের অপারেশনের সময় ডাক্তার ছিলো না হাসপাতালের কর্মচারী হাবিব এনেস্থিসিয়া করেছে আর ম্যানেজার শহিদুল অপারেশন করেছে। যানা গেছে স্থানীয় প্রভাবশালীদের নিয়ে রোগীর পরিবারকে ম্যানেজ করে শহিদুল। এতবড় ঘটনার পরেও কোন মামলা হয়নি। তথ্য

২-এর পৃষ্ঠা দেখুন



# খেলাধুলা নয়, শ্রমই বাস্তবতা মেহেরপুরের অনেক শিশুর

## দারিদ্র্য, শিশুশ্রম ও সুযোগের অভাবে বঞ্চিত শিক্ষা, স্বাস্থ্য ও শৈশবের আনন্দ

নিজস্ব প্রতিবেদক

স্বাধীনতার সূর্যোদয়ের জেলা মেহেরপুর। তবে গৌরবের এ ইতিহাস নিয়েও এখানকার শিশুদের জীবন রঙিন নয়, বরং বঞ্চনার ছায়ায় আচ্ছন্ন। শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও বিনোদনের অধিকার থেকে বঞ্চিত হয়ে তারা বড় হচ্ছে অস্বাভাবিক পরিবেশে। যেখানে খেলাধুলা ও আনন্দমুখর শৈশব থাকার কথা, সেখানে শ্রম আর বঞ্চনাই হয়ে উঠছে বাস্তবতা। প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার সন্তোষজনক হলেও টিকিয়ে রাখা বড় চ্যালেঞ্জ। দারিদ্র্য, শিশুশ্রম, বাল্যবিবাহ এবং অভিভাবকদের অজ্ঞতা শিশুদের শিক্ষাজীবনকে বারবার বাধাগ্রস্ত করছে। শহরের বিদ্যালয়গুলো কিছুটা সুবিধা দিলেও গ্রামীণ শিশুদের অবস্থা করুণ। অনেক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে কৃষকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পাটকেল গ্রামের মাঠে সালাম (৪৫) নামে এক ব্যক্তির ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহত সালাম বর্শিবাড়ীয়া গ্রামের মরহুম আবুল কালাম বিশ্বাসের বড় ছেলে। স্থানীয়দের তথ্য অনুযায়ী, গতকাল বৃহস্পতিবার(১১ সেপ্টম্বর)সকাল ৮টার দিকে পাটকেলপোতা গ্রামের খয়রামারি খাল সংলগ্ন রমজান


২-এর পৃষ্ঠা দেখুন

## স্যালোইঞ্জিনের ধাক্কায় নারীর মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোপালপুরে বুধবার রাতে স্যালোইঞ্জিন চালিত অবৈধ নছিমনের ধাক্কায় এক মানসিক প্রতিবন্ধী নারী নিহত হয়েছেন। নিহত ব্যক্তির পরিচয় এখনও সনাক্ত হয়নি। স্থানীয় সূত্রে জানা গেছে, মৃত নারী কয়েকদিন ধরে গোপালপুর বাজারে অবস্থান করছিলেন। তিনি প্রায়ই গোপালপুর বাজার ও মেহেরপুর শহরের ওয়াপদা মোড়ের মধ্যে চলাফেরা করতেন। স্থানীয়রা তাকে খাবার ও সহায়তা দিতেন। দুর্ঘটনার সময় তিনি মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক

২-এর পৃষ্ঠা দেখুন




## হিজলবাড়ী মাঠে র‍্যাবের অভিযানে অস্ত্র উদ্ধার

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়ী বটতলার মাঠ থেকে দেশীয় প্রযুক্তিতে তৈরি একটি অবৈধ ওয়ান শুটারগান উদ্ধার করেছে র‍্যাব। র‍্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুরের গাংনী কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান গতকাল বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর)

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে চার ওয়ারেন্টভুক্ত আসামি গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশের বিশেষ অভিযানের অংশ হিসেবে মুজিবনগর থানা এলাকা থেকে চারজন ওয়ারেন্টভুক্ত আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১০ সেপ্টেম্বর) দিবাগত রাত ১২টার পর এ অভিযান পরিচালিত হয়। গ্রেফতারকৃতরা হলেন, মুজিবনগর থানার যতারপুর গ্রামের মোঃ ছাবদার সর্দ্দার ওরফে সুজন, আশাদুল (৫৮), আশাদুলের স্ত্রী মোছাঃ নাছিমা খাতুন (৪৮) ও দালিয়ার-পুর (কলিঢালা) গ্রামের মৃত আজিজুল হকের পুত্র মোঃ ফজলু হক (৪২)।মুজিবনগর থানার

২-এর পৃষ্ঠা দেখুন




## হেযবুত তওহীদের গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

হেযবুত তওহীদের উদ্যোগে মেহেরপুরে রাষ্ট্র সংস্কারের প্রস্তাবনা নিয়ে 'তওহীদভিত্তিক আধুনিক রাষ্ট্রব্যবস্থা' শীর্ষক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সাংবাদিক, শিক্ষক, আইনজীবী ও সুশীল সমাজের প্রতিনিধিরা এতে অংশ নিয়ে মতামত তুলে ধরেছেন। গতকাল

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় পদ্মার ভাঙনে বিজিবির বিওপি বিলীন

কুষ্টিয়ায় প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় পদ্মা নদীর ভাঙনে সীমান্তে স্থাপিত বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) একটি বিওপি বিলীন হয়ে গেছে। বুধবার রাতে উপজেলার সর্বশেষ সীমান্তঘেঁষা উদয়নগর বিওপির দুই-তৃতীয়াংশ নদীতে বিলীন চলে যায়।গতকাল বৃহস্পতিবার (১১ সেপ্টম্বর) দুপুর ১২টার দিকে কুষ্টিয়া ৪৭ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মাহবুব মুর্শেদ রহমান বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, ভাঙনের আশঙ্কা আগে থেকেই ছিল। কয়েক দিন

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনে সিসিটিভি ও বডি ক্যামে সায় নেই ইসির

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্রে সিসিটিভি ক্যামেরা বসানো বা পুলিশকে বডিওর্ন ক্যামেরা দেওয়ার উদ্যোগ নিচ্ছে না নির্বাচন কমিশন (ইসি)। সরকারের আগ্রহ থাকলেও ইসি স্পষ্ট জানিয়েছে, এ বিষয়ে তাদের করণীয় নেই। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের চিঠির জবাবে সংস্থাটি আনুষ্ঠানিকভাবে এ সিদ্ধান্ত জানায়। ইসির সিদ্ধান্ত জানার পর রাজনৈতিক দলগুলো ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে। বিএনপি, জামায়াতে ইসলামীসহ বিভিন্ন দলের নেতারা বলছেন, অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের জন্য সিসিটিভি অপরিহার্য। পুলিশকে বডি ক্যামেরা দেওয়া হলে তা

২-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপিতে সেলাই মেশিন ও ঔষধ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের উদ্যোগে ২০২৪-২০২৫ অর্থবছরে ইউনিয়ন সহায়তা তহবিল থেকে অর্থায়নে সেলাই মেশিন, ফুটবল ও বিভিন্ন ধরনের ঔষধ বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার (১১ সেপ্টম্বর) দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে এসব সামগ্রী সুবিধাভোগীদের হাতে তুলে দেওয়া হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ খায়রুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেলাই মেশিন, ফুটবল ও ঔষধ বিতরণ করেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত

২-এর পৃষ্ঠা দেখুন

## শেখ হাসিনাসহ ২৮৬ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকার উৎখাতের ষড়যন্ত্র ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে অংশ নেওয়ার অভিযোগে দায়ের করা মামলায় বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৮৬ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা জারি করেছে আদালত।গতকাল বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালতে মামলার বাদী সিআইডির সহকারী পুলিশ সুপার মো. এনামুল হক এ সংক্রান্ত আবেদন করলে আদালত তা মঞ্জুর করেন। এর আগে একই দিনে শেখ হাসিনাসহ ২৮৬ জন আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা সংক্রান্ত তামিল

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলায় প্রশাসনের উদ্যোগে ও আইসিটি দপ্তরের সহযোগিতায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শেষ করে ২০ জন প্রশিক্ষণার্থী সনদপত্র পেল। গতকাল বৃহস্পতিবার(১১ সেপ্টম্বর)সকালে উপজেলা পরিষদ হল রুমে সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সরকারি প্রোগ্রামার সুব্রত কুমার বিশ্বাস, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থী তাজমির ইসলাম, রাফি

২-এর পৃষ্ঠা দেখুন

**অনুবাক্য**
মামুনুর রশিদ মামুন
খবর: (গাংনীতে ভুতুড়ে বিল কোটি টাকার অনিয়ম)

ভূত-পেত্নীর শুনেছি গল্প
দেখেছেন কি কেউ চোখে
ভুতুড়ে বিল আসছে এখন
পল্লী বিদ্যুতের বিলে।
রক্ত চুষার গল্প শুনেছি
কেমন করে চোষে
গ্রাহকের রক্ত চুষে নিচ্ছে
পল্লী বিদ্যুৎ এসে।
নীল কররা এসেছিল
বুনিয়াদির বেশে
নীল চাষ না করলে চাষী
চাবুক পড়তো পিঠে।
কোটি টাকার ভুতুড়ে বিলে
বিদ্যুৎ বিভাগ হচ্ছে লাট
বিল পরিশোধ করতে গিয়ে
জনগণ হচ্ছে ষাট ।



## মেহেরপুরে জামায়াতে ইসলামীর গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা আমির

২-এর পৃষ্ঠা দেখুন

## ৭২ ঘণ্টায় ছয় দেশে হামলা চালাল ইসরাইল

সূর্যোদয় প্রতিবেদন

মাত্র ৭২ ঘণ্টার মধ্যে ছয়টি দেশে হামলা চালিয়েছে দখলদার ইসরাইল। আন্তর্জাতিক আইন অমান্য করে মঙ্গলবার কাতারের রাজধানী দোহায় হামলা চালায় দেশটি। হামাসের রাজনৈতিক শাখার উচ্চপদস্থ নেতা খালিদ আল হাইয়ার কার্যালয়কে লক্ষ্য করে চালানো ওই হামলায় হাইয়াসহ অন্তত ছয়জন নিহত হন। নিহতদের মধ্যে তার তিনজন দেহরক্ষী ও কাতারের এক সেক্রেটারিও ছিলেন। তবে বৈঠকে উপস্থিত অন্যান্য কয়েকজন উচ্চপদস্থ নেতা প্রাণে

২-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহের মহেশপুর সীমান্তে অস্ত্র গুলি উদ্ধার

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের মহেশপুর সীমান্তের বাঘাডাঙ্গা গ্রাম থেকে একটি আগ্নেয়াস্ত্র ও গুলি উদ্ধার করেছে বিজিবি। তবে এ ঘটনায় বিজিবি কাউকে আটক করতে পারেনি। গতকাল বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) বিকাল সাড়ে ৩টার দিকে মহেশপুর ৫৮ বিজিবি ব্যাটালিয়নের সহকারী

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে পরিবেশ সচেতনতায় সেমিনার

নিজস্ব প্রতিবেদক

"একটি তালগাছ লাগিয়ে পৃথিবীতে তোমায় শত বছর স্মৃতিচিহ্ন রেখে দাও" শ্লোগানকে সামনে রেখে মেহেরপুর সমাজ ও পরিবেশ উন্নয়ন সংস্থা গতকাল বৃহস্পতিবার(১১ সেপ্টম্বর) মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বি. এম. কলেজ মিলনায়তনে পরিবেশ বিষয়ক

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ২৮ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ১২ সেপ্টেম্বর ২০২৫ইং

# স্বাস্থ্য খাতে এক বছরে ব্যয় বরাদ্দের মাত্র ১১ শতাংশ

সূর্যোদয় প্রতিবেদন

করোনাভাইরাস মোকাবিলায় সক্ষমতা বাড়াতে এবং সংক্রামক রোগ নিয়ন্ত্রণে রাখতে সরকার ২০২০ সালে হাতে নিয়েছিল 'কভিড-১৯ ইমার্জেন্সি রেসপন্স অ্যান্ড প্যানডেমিক প্রিপেয়ার্ডনেস' প্রকল্প। উদ্দেশ্য ছিল দেশের ৫০ জেলা হাসপাতালে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) ও শিশুদের জন্য বিশেষায়িত পেডিয়াট্রিক ইনটেনসিভ কেয়ার ইউনিট (পিআইসিইউ) স্থাপন। কিন্তু পাঁচ বছর পার হলেও আইসিইউ চালু হয়েছে মাত্র ১৩ জেলায়, তাও আবার বেশিরভাগ ক্ষেত্রে প্রয়োজনীয় যন্ত্রপাতি বা দক্ষ জনবল না থাকায় কার্যকর হয়নি। একটিও পিআইসিইউ স্থাপন করা যায়নি। সম্প্রতি পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) প্রকাশিত প্রতিবেদনে প্রকল্প বাস্তবায়নের দুর্বলতা ও অনিয়মের এসব তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়, প্রকল্পে ঠিকাদারের পালিয়ে যাওয়া, নতুন নকশা প্রণয়ন, অর্থ ছাড়ে বিলম্ব এবং প্রকল্প পরিচালকের বারবার বদল বড় প্রতিবন্ধকতা হয়ে দাঁড়িয়েছে। গত পাঁচ বছরে সাতজন পরিচালক বদলেছেন। প্রকল্পটির অনুমোদিত ব্যয় ৬ হাজার ৩৮৬ কোটি টাকা, যার মধ্যে বিশ্বব্যাংক ও এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি) থেকে ঋণ নেওয়া হয়েছে ৫ হাজার ৯১৪ কোটি টাকা। নির্ধারিত সময় ২০২৩ সালের জুনে শেষ না হওয়ায় দু'দফায় মেয়াদ বাড়িয়ে ২০২৫ সালের জুন পর্যন্ত করা হয়েছে। এদিকে অডিট অধিদপ্তর প্রকল্পটির কেনাকাটায় ৪৬৪ কোটি টাকার আপত্তি তুলেছে। আইএমইডির আরেক পর্যালোচনায় দেখা যায়, প্রয়োজন ছাড়াই যন্ত্রপাতি কেনা হয়েছে, নিম্নমানের সরঞ্জাম সরবরাহ করা হয়েছে, এমনকি পণ্য হাতে না পেয়েই ঠিকাদারকে অর্থ দেওয়া হয়েছে। শুধু এই প্রকল্প নয়, স্বাস্থ্য খাতের সামগ্রিক বাস্তবায়ন চিত্রও হতাশাজনক। ২০২৪-২৫ অর্থবছরে স্বাস্থ্যসেবা বিভাগের ১৯টি প্রকল্পের মধ্যে ব্যয় হয়েছে সংশোধিত বরাদ্দের মাত্র ২১ শতাংশ। মূল এডিপি হিসাব ধরলে ব্যয়ের হার নেমে আসে ১১ শতাংশে। অর্থাৎ ৯ হাজার ৯২০ কোটি টাকা অব্যয়িত থেকে গেছে। অর্থনীতিবিদ ও পরিকল্পনা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, বড় ধরনের ক্রয়ের বিষয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# চা পানের প্রিয় অভ্যাসেই লুকিয়ে ক্যানসার

সূর্যোদয় প্রতিবেদন

ক্লান্তি কাটাতে কিংবা আড্ডার আড্ডায় অপরিহার্য চায়ের কাপে জমছে ভয়ঙ্কর রোগের বীজ, সতর্ক করলেন চিকিৎসকরা। বলছেন, এ অভ্যাসেই লুকিয়ে থাকতে পারে প্রাণঘাতী ক্যানসারের ঝুঁকি। সম্প্রতি ইন্টারন্যাশনাল জার্নাল অফ ক্যানসার-এ প্রকাশিত এক গবেষণায় বলা হয়েছে, নিয়মিত ৭৫ ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি তাপমাত্রার চা পান করলে খাদ্যনালিতে ক্যানসারের ঝুঁকি দ্বিগুণ হয়ে যায়। যুক্তরাষ্ট্রভিত্তিক আমেরিকান ক্যানসার সোসাইটি ইতিমধ্যেই এ ধরনের অভ্যাস এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে। ক্যানসার বিশেষজ্ঞরা জানান, যে কোনও গরম পানীয়ই শরীরের জন্য ক্ষতিকর। তবে গরম চায়ের প্রভাব সবচেয়ে ভয়াবহ। গলা থেকে পাকস্থলীতে নামার সময় চায়ের অতিরিক্ত তাপ খাদ্যনালির কোষ ক্ষতিগ্রস্ত করে, সেখান থেকেই আলসার বা ক্যানসারের ঝুঁকি তৈরি হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ৬৫ ডিগ্রির বেশি তাপমাত্রার কোনও পানীয় পান না করার পরামর্শ দিয়েছে। অতিরিক্ত

৩-এর পৃষ্ঠা দেখুন



# বুড়িপোতা ইউনিয়নে গোল্ডকাপ ফুটবলে

## সেমিফাইনালে ঝাঁঝা ও বাড়িবাকা গুচ্ছগ্রাম

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের উদ্যোগে তারুণ্যের উৎসব উপলক্ষে আয়োজিত ওয়ার্ডভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনাল নিশ্চিত করেছে হরিরামপুর ঝাঁঝা ২ নম্বর ওয়ার্ড একাদশ এবং শালিকা বাড়িবাকা গুচ্ছগ্রাম ৯ নম্বর ওয়ার্ড একাদশ। গতকাল বৃহস্পতিবার(১১ সেপ্টম্বর) বিকেলে রাধাকান্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত খেলায় ঝাঁঝা ২ নম্বর ওয়ার্ড একাদশ ২-০ গোলে নবীনগর বাজিতপুর ৩ নম্বর ওয়ার্ড একাদশকে পরাজিত করে। একই মাঠে শালিকা বাড়িবাকা গুচ্ছগ্রাম ৯ নম্বর ওয়ার্ড একাদশ ১-০ গোলে গোভিপুর ৪ নম্বর ওয়ার্ড একাদশকে হারিয়ে সেমিফাইনালের টিকিট নিশ্চিত করে।

# জাকসু নির্বাচন বর্জন করল ছাত্রদল প্যানেল

সূর্যোদয় প্রতিবেদন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচন থেকে সরে দাঁড়াল ছাত্রদল সমর্থিত প্যানেল। অনিয়ম ও কারচুপির অভিযোগ তুলে বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৩টার দিকে মওলানা ভাসানী হলের অতিথি কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন ছাত্রদলের সাধারণ সম্পাদক (জিএস) পদপ্রার্থী তানজিলা হোসাইন বৈশাখী। এসময় প্যানেলের সহ-সভাপতি (ভিপি) পদপ্রার্থী শেখ সাদী হাসানসহ অন্যান্য প্রার্থীরাও উপস্থিত ছিলেন। বৈশাখী অভিযোগ করে বলেন, "তাজউদ্দীন হলে

৩-এর পৃষ্ঠা দেখুন



# পিরোজপুর ৬ নম্বর ওয়ার্ড গোল্ডকাপের ফাইনালে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের উদ্যোগে তারুণ্যের উৎসব উপলক্ষে আয়োজিত ওয়ার্ডভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে পিরোজপুর ৬ নম্বর ওয়ার্ড ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে। গতকাল বৃহস্পতিবার (১১ সেপ্টম্বর) বিকালে জাদুখালি মাঠে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনাল খেলায় ৬ নম্বর ওয়ার্ড টাইব্রেকারে ১(২-১)১ গোলে পিরোজপুর ১ নম্বর ওয়ার্ডকে পরাজিত করে। প্রথমার্ধের ২৪ মিনিটে শাকিল ৬ নম্বর ওয়ার্ডকে এগিয়ে নেন। দ্বিতীয়ার্ধের ২৭ মিনিটে হাসিবুল সমতা ফেরান। খেলায় বিজয়ী দলের গোলরক্ষক সুমন ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন। পুরস্কার বিতরণ করেন পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবীর। এ সময় উপস্থিত ছিলেন প্রশাসনিক কর্মকর্তা এরশাদ আলী, ইউপি সদস্য আমিরুল ইসলাম, ইস্কান্দার মাহমুদ বিপ্লব ও আমেনা খাতুন।

# জাতীয় নির্বাচনের 'টেস্ট' ছিল ডাকসু: প্রেস সচিব

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচন কেমন হতে পারে, তার একটি বড় পরীক্ষা ছিল ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন এমন মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'সুষ্ঠু নির্বাচনের জন্য প্রত্যাশা ও চ্যালেঞ্জ: সফল নির্বাচন আয়োজনে সরকার, রাজনৈতিক দল ও নাগরিক সমাজের করণীয়' শীর্ষক এক মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন।

প্রেস সচিব বলেন, 'ডাকসু নির্বাচন ছিল একটি টেস্ট। এই টেস্টে রাজনৈতিক দল, সুধী সমাজ ও শিক্ষার্থীরা ভালোভাবে উত্তীর্ণ হয়েছেন। ডাকসু নির্বাচনে আইনশৃঙ্খলা সংক্রান্ত একটি ঘটনাও ঘটেনি।' জাতীয় নির্বাচন প্রসঙ্গে তিনি আরও বলেন, '

৩-এর পৃষ্ঠা দেখুন



# নির্বাচন সুষ্ঠু না হলে অর্জন বলতে কিছুই থাকবে না: সালাহউদ্দিন আহমদ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক অঙ্গনে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের দাবি আরও জোরালো হচ্ছে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, "আগামী নির্বাচনের আয়োজন সুষ্ঠু না হলে অন্তর্বর্তী সরকারের অর্জন বলতে কিছুই থাকবে না।" বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) রাজধানীর তোপখানা রোডে সিরডাপ মিলনায়তনে নাগরিক কোয়ালিশন আয়োজিত 'সুষ্ঠু নির্বাচনের প্রত্যাশা ও চ্যালেঞ্জ' শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখতে গিয়ে তিনি এ মন্তব্য করেন। সালাহউদ্দিন আহমদ বলেন, আগামী ফেব্রুয়ারিতে দেশে একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজন করাই এখন জাতির বড় চ্যালেঞ্জ। তিনি মনে করেন, নির্বাচন কমিশন যে রোডম্যাপ ঘোষণা করেছে, সে অনুযায়ী কার্যক্রম এগোচ্ছে। তবে তা সফল করতে হলে

৩-এর পৃষ্ঠা দেখুন

# সাংবাদিককে হয়রানিমূলকভাবে কারাদণ্ড - সাবেক ডিসি সুলতানা পারভীন বরখাস্ত

সূর্যোদয় প্রতিবেদন

কুড়িগ্রামের সাবেক জেলা প্রশাসক (ডিসি) মোছা. সুলতানা পারভীনকে সাময়িক বরখাস্ত করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। এক সাংবাদিককে হয়রানিমূলকভাবে মধ্যরাতে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে কারাদণ্ড দেওয়ার ঘটনায় তার বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়। মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনে বলা হয়েছে, ফৌজদারি মামলায় (মামলা নং-১৩৪৫/২০২৫; জি.আর. ৮৩/২০২০ কুড়িগ্রাম) জামিন আবেদন নাকচ করে আদালত তাকে জেলহাজতে পাঠান। এরপর ৮ সেপ্টেম্বর তাকে ওএসডি থেকে সাময়িক বরখাস্ত করা হয়। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী এ পদক্ষেপ নেওয়া হয়েছে।



৩-এর পৃষ্ঠা দেখুন

# জুলাই সনদ বাস্তবায়নের মাধ্যমে আগামীর পথরেখা তৈরি হবে: আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ বলেছেন, জুলাই সনদ বাস্তবায়নের মধ্য দিয়েই দেশের ভবিষ্যৎ রাজনৈতিক পথরেখা নির্ধারিত হবে। বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে জুলাই সনদ বাস্তবায়নের উপায় নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আয়োজিত বৈঠকের সূচনা বক্তব্যে তিনি এ কথা বলেন। ড. রীয়াজ বলেন, "দুয়েকটি বিষয়ে নোট অব ডিসেন্ট থাকলেও ৮৪টি প্রস্তাবনার অধিকাংশেই দলগুলো একমত হয়েছে। এর মানে রাজনৈতিক দলগুলোর মধ্যে এক ধরনের ঐকমত্য সৃষ্টি হয়েছে।" তিনি আরও জানান, ৩১ জুলাই আনুষ্ঠানিক বৈঠক শেষ হলেও পরবর্তীতে সনদ বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে একাধিক

৩-এর পৃষ্ঠা দেখুন



# নেপাল থেকে নিরাপদে দেশে ফিরল বাংলাদেশ ফুটবল দল

সূর্যোদয় প্রতিবেদন

অপেক্ষার অবসান ঘটিয়ে অবশেষে দেশের মাটিতে ফিরেছে বাংলাদেশ জাতীয় ফুটবল দল। নেপালের অস্থিতিশীল পরিস্থিতির কারণে কয়েকদিন অনিশ্চয়তায় কাটানোর পর আজ বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪টায় বাংলাদেশ বিমানবাহিনীর বিশেষ ফ্লাইটে ঢাকার কুর্মিটোলা সামরিক বিমানবন্দরে পা রাখেন জামাল ভূঁইয়া, তপু বর্মণসহ দলের

৩-এর পৃষ্ঠা দেখুন

# নেপালে অস্থিরতায় নতুন দুশ্চিন্তায় ভারত

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ এশিয়ার রাজনীতিতে আবারও অস্থিরতার ছায়া। কয়েক বছরের ব্যবধানে শ্রীলঙ্কা ও বাংলাদেশের পর এবার নেপালও সহিংস বিক্ষোভ ও রাজনৈতিক অস্থিরতার মুখে পড়েছে। এরই মধ্যে দেশটির প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি পদত্যাগ করেছেন। পরিস্থিতি সামাল দিতে দেশজুড়ে কারফিউ জারি করা হয়েছে এবং সেনাবাহিনী রাস্তায় নেমেছে। সামাজিক যোগাযোগমাধ্যম নিষিদ্ধের প্রতিবাদে শুরু হওয়া বিক্ষোভ দ্রুত সহিংস রূপ নেয়। পুলিশের সঙ্গে সংঘর্ষে অন্তত ২০ জন

৩-এর পৃষ্ঠা দেখুন

# টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়ে লিটন ও জাকেরের উন্নতি

সূর্যোদয় প্রতিবেদন

নেদারল্যান্ডসের বিপক্ষে সিরিজে দারুণ পারফরম্যান্সের পুরস্কার পেলেন লিটন কুমার দাস ও জাকের আলি। সদ্য প্রকাশিত আইসিসির সাপ্তাহিক হালনাগাদে টি-টোয়েন্টি ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে উন্নতি হয়েছে বাংলাদেশের দুই ব্যাটারের।

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

# ঝুঁকিতে ২৫০ কোটি জিমেইল ব্যবহারকারী

সূর্যোদয় প্রতিবেদন

গুগলের একটি গুরুত্বপূর্ণ তথ্যভান্ডার হ্যাকড হওয়ার ঘটনায় ঝুঁকিতে পড়েছেন প্রায় ২৫০ কোটি জিমেইল ব্যবহারকারী। সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞদের মতে, এটি গুগলের ইতিহাসে সবচেয়ে বড় তথ্য ফাঁসের ঘটনা, যা ব্যবহারকারীদের ব্যক্তিগত তথ্য ও গোপনীয়তার ওপর মারাত্মক প্রভাব ফেলতে পারে। গত জুনে গুগলের এক কর্মীকে বিভ্রান্ত করে সেলসফোর্স ক্লাউড প্ল্যাটফর্মে প্রবেশ করে কুখ্যাত হ্যাকার গ্রুপ 'শাইনি হান্টারস'। এরপর তারা বিপুল পরিমাণ ব্যবসায়িক নথি, বিভিন্ন প্রতিষ্ঠানের নাম ও গ্রাহকের তথ্য হাতিয়ে নেয়। সেই তথ্য কাজে লাগিয়ে গুগল কর্মী পরিচয়ে ভুয়া ই-মেইল ও ফোনকলের মাধ্যমে ব্যবহারকারীদের কাছ থেকে লগইন তথ্য ও নিরাপত্তা কোড সংগ্রহ করছে হ্যাকাররা।




সামাজিক যোগাযোগমাধ্যমে অনেক ব্যবহারকারী অভিযোগ করেছেন, যুক্তরাষ্ট্রের ৬৫০ এরিয়া কোড ব্যবহার করে প্রতারকেরা ফোনকল করছে এবং পাসওয়ার্ড রিসেট করতে চাপ দিচ্ছে। এর ফলে অনেকে জিমেইল অ্যাকাউন্ট হারাচ্ছেন কিংবা ব্যক্তিগত তথ্য ফাঁসের শিকার হচ্ছেন।

সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ জেমস নাইট বলেন, "তথ্যভান্ডার চুরির পর ফিশিং আক্রমণ

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
**রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।**

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা।**
**( শুক্রবার ব্যাতিত)**

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব**

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
**ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
👉 কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
⏰ রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
**ডা. মো. আতিকুর রহমান**
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
👉 চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
⏰ রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
**ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
👉 ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
⏰ রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

👉 আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## চা পানের প্রিয় অভ্যাসেই লুকিয়ে ক্যানসার

(শেষ পৃষ্টার পর)

গরম পানীয় মুখ, গলা ও খাদ্যনালিতে টিউমারের ঝুঁকি বাড়ায়।" গবেষকরা দেখেছেন, গরম পানীয় দ্রুত পানকারীদের মধ্যে ইসোফ্যাজিয়াল ক্যানসার বা খাদ্যনালির ক্যানসার হওয়ার প্রবণতা তুলনামূলক অনেক বেশি। যাঁরা গরম চা একটু ঠান্ডা করে পান করেন, তাঁদের ঝুঁকি তুলনামূলক কম। অতিরিক্ত গরম চা পান করলে প্রথমেই জিভে জ্বালা বা পোড়ার অনুভূতি হয়। চিকিৎসকদের মতে, এটি আসলে শরীরের প্রাকৃতিক সতর্কবার্তা। জিভ যেমন পুড়ে যায়, তেমনি খাদ্যনালিও ক্ষতিগ্রস্ত হতে পারে। তাই চা-কফি খাওয়ার অভ্যাস পুরোপুরি বাদ দেওয়ার দরকার নেই। তবে ফুটন্ত গরম অবস্থায় নয়, খানিকটা ঠান্ডা করে পান করলেই ঝুঁকি অনেকাংশে এড়ানো সম্ভব। এতে স্বাদও অটুট থাকবে এবং শরীরও সুরক্ষিত থাকবে প্রাণঘাতী ক্যানসারের আশঙ্কা থেকে।

## স্বাস্থ্য খাতে এক বছরে ব্যয় বরাদ্দের

(শেষ পৃষ্টার পর)

সিদ্ধান্তহীনতার কারণেই স্বাস্থ্য খাতের প্রকল্প ব্যয় কম। এজন্য তিনি খাতভিত্তিক ব্যয় পর্যালোচনায় বিশেষজ্ঞ কমিটি গঠনের পরামর্শ দিয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের অধ্যাপক ড. সৈয়দ আব্দুল হামিদ মনে করেন, সুশাসনের অভাবই এ খাতের অনাকাঙ্ক্ষিত দুরবস্থার মূল কারণ। তাঁর ভাষায়, "প্রকল্প পরিচালক নিয়োগ হয় প্রভাবশালী মহলের ইচ্ছায়। তারা প্রথম কিস্তি খরচ করেই ব্যস্ত হয়ে পড়েন অন্য খাতে। মাঝপথে পিডি বদলও কাজ ধীর করে দেয়। তাছাড়া সিন্ডিকেটভিত্তিক ঠিকাদাররা সময়ক্ষেপণ করে ব্যয় বাড়িয়ে বাড়তি আয় করে।" আইএমইডি সচিব মো. কামাল উদ্দিন জানিয়েছেন, স্বাস্থ্য খাতের কেনাকাটায় অনিয়ম স্পষ্ট। প্রকল্প বাস্তবায়নে ধীরগতি ও দুর্বলতা দূর করতে তারা ব্যবস্থা নেবেন। কিন্তু বাস্তবে স্বাস্থ্য খাতে এত অনিয়ম ও দুর্বলতার দায় কারড়এ বিষয়ে স্বাস্থ্যসেবা বিভাগের কোনো ঊর্ধ্বতন কর্মকর্তা মুখ খুলতে রাজি হননি। ফলে শিক্ষা ও স্বাস্থ্য খাতে গুরুত্ব দেওয়ার সরকারি ঘোষণার সঙ্গে বাস্তবতার ফারাক আরও স্পষ্ট হয়ে উঠছে।

## সালাহউদ্দিন আহমদ

(শেষ পৃষ্টার পর)

সরকারের সদিচ্ছা, রাজনৈতিক দলের সমঝোতা ও প্রশাসনিক নিরপেক্ষতা অপরিহার্য। তিনি বলেন, দেশ এখন ফ্যাসিবাদমুক্ত হলেও নিজেদের মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়ায় উত্তরণের বিষয়ে এখনও পূর্ণ ঐকমত্যে পৌঁছানো যায়নি। "সময় আছে, আশা করি এর মধ্যেই আমরা আলোচনার মাধ্যমে একটি জাতীয় ঐকমত্যে পৌঁছাতে পারব।" বিএনপির এই নেতা জোর দিয়ে বলেন, নির্বাচিত জাতীয় সংসদই সংবিধান সংশোধনের ক্ষমতা রাখে। ভিন্ন কোনো প্রক্রিয়ায় গেলে পরে তা আদালতে চ্যালেঞ্জের মুখে পড়তে পারে। তাই সাংবিধানিক ধারাবাহিকতা বজায় রেখেই সংস্কার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তিনি আরও জানান, শতাধিক সংস্কারের প্রস্তাব রয়েছে। সব রাজনৈতিক দল হয়তো সব বিষয়ে একমত হতে পারবে না, তবে গণতন্ত্রের স্বার্থে সমঝোতায় পৌঁছানো সম্ভব। "এটাই গণতন্ত্রের সৌন্দর্যড় মতপার্থক্য থাকা সত্ত্বেও আলোচনার মাধ্যমে সমাধান খোঁজা।" গোলটেবিল বৈঠকে নাগরিক সমাজের প্রতিনিধি, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, শিক্ষাবিদ ও গণমাধ্যমকর্মীরা অংশ নেন। তারা সুষ্ঠু নির্বাচনের জন্য সবার আগে রাজনৈতিক সদিচ্ছা, প্রশাসনের নিরপেক্ষতা ও সশস্ত্র বাহিনীসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আস্থার জায়গা তৈরির ওপর জোর দেন।

## জাতীয় নির্বাচনের 'টেস্ট' ছিল

(শেষ পৃষ্টার পর)

আগামী জাতীয় নির্বাচন নিয়ে প্রায় প্রতিদিনই সরকারের বৈঠক হচ্ছে। প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বারবার বলেছেন, নির্বাচন ফেব্রুয়ারিতেই হবে।' সুষ্ঠু নির্বাচন আয়োজনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আট লাখ সদস্য মাঠে থাকবেন বলে জানান শফিকুল আলম। তবে তিনি মনে করেন, শুধু সরকারের প্রচেষ্টা নয় ভালো নির্বাচনের জন্য রাজনৈতিক দল ও প্রার্থীদের সদিচ্ছাও জরুরি। প্রেস সচিব বলেন, 'জনগণ যদি বানের জলের তোড়ের মতো ভোট দিতে যায়, তাহলে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার সাধ্য কারও নেই।'

## সাংবাদিককে হয়রানিমূলকভাবে

(শেষ পৃষ্টার পর)

বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন। ঘটনার সূত্রপাত ২০১৯ সালের ১৩ মার্চ রাতে। অনলাইন নিউজ পোর্টাল বাংলা ট্রিবিউন-এর কুড়িগ্রাম প্রতিনিধি আরিফুল ইসলামকে মধ্যরাতে বাড়ি থেকে ধরে নিয়ে মোবাইল কোর্টের মাধ্যমে এক বছরের কারাদণ্ড দেন জেলা প্রশাসন। যদিও ঘরে কোনো তল্লাশি চালানো হয়নি, পরে ডিসি অফিসে নিয়ে দাবি করা হয়ড়আরিফুলের কাছে আধা বোতল মদ ও দেড়শ গ্রাম গাঁজা পাওয়া গেছে। এই ঘটনাকে সাংবাদিক নির্যাতনের দৃষ্টান্ত হিসেবে দেখা হয় এবং দেশজুড়ে ব্যাপক সমালোচনা হয়। আরিফুলের পরিবারের দাবি ছিল, ডিসি সুলতানা পারভীনের বিরুদ্ধে সমালোচনামূলক প্রতিবেদন প্রকাশ করায় তাকে প্রতিহিংসার শিকার হতে হয়। ঘটনার জেরে বিভাগীয় মামলায় সুলতানা পারভীনের বেতন বৃদ্ধি দুই বছরের জন্য স্থগিত করা হয়েছিল। তবে পরে সেই লঘুদণ্ড বাতিল করে তাকে অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হয়। এদিকে ভুক্তভোগী সাংবাদিক আদালতে মামলা দায়ের করেন, যা চলমান রয়েছে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ পদক্ষেপের মধ্য দিয়ে আলোচিত এই ঘটনার বিরুদ্ধে প্রশাসনিক ও আইনি শাস্তির নতুন অধ্যায় শুরু হলো।

## ঝুঁকিতে ২৫০ কোটি জিমেইল

(শেষ পৃষ্টার পর)

ব্যাপকভাবে বেড়েছে। ব্যবহারকারীদের উচিত কোনো ফোনকল বা বার্তায় আস্থা না রাখা, লগইন সেটিংস পরীক্ষা করা এবং জটিল পাসওয়ার্ড ব্যবহার করা।" সেলসফোর্স মূলত গ্রাহকের তথ্য সংরক্ষণে ব্যবহৃত হলেও বর্তমানে এটি আরও বিস্তৃত কাজে ব্যবহার হচ্ছে। গুগলও জিমেইল ব্যবহারকারীদের প্রোফাইল তৈরিতে এই প্ল্যাটফর্ম ব্যবহার করে থাকে। হ্যাকড হওয়ার সময় তথ্যভান্ডারে প্রায় ২৫০ কোটি রেকর্ড জমা ছিল। বিশেষজ্ঞদের মতে, গুগল নিরাপত্তায় বিপুল অর্থ বিনিয়োগ করলেও এত বড় ত্রুটি হ্যাকাররা কাজে লাগাতে সক্ষম হয়েছে। তাদের হাতে পৌঁছানো তথ্য এখন কার্যত "সোনার খনি"। তবে গুগল দাবি করেছে, চুরি হওয়া তথ্যের মধ্যে ব্যবহারকারীদের পাসওয়ার্ড নেই এবং তা নিরাপদ রয়েছে। কতজন ব্যবহারকারী এ ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছেনড়সে তথ্য প্রকাশ করেনি প্রতিষ্ঠানটি। এ বিষয়ে সংস্থার মুখপাত্র মার্ক কারায়ান মন্তব্য করতে অস্বীকৃতি জানিয়েছেন।

## আলী রীয়াজ

(শেষ পৃষ্টার পর)

অনানুষ্ঠানিক বৈঠক হয়েছে। বিশেষ করে অঙ্গীকারনামা বিষয়ে বিশেষজ্ঞদের সঙ্গে গভীর আলোচনা হয়েছে। এ নিয়ে দুই সাবেক বিচারপতি, তিনজন আইনজীবী, দুইজন আইনশিক্ষক এবং অ্যাটর্নি জেনারেলের মতামত নেওয়া হয়েছে। ড. আলী রীয়াজ স্পষ্ট করে বলেন, "কমিশন কোনো সিদ্ধান্ত চাপিয়ে দিতে চায় না। কিছু প্রস্তাব এই সরকারও বাস্তবায়ন করতে পারে বলে অনেকে মত দিয়েছেন। আজকের আলোচনা শেষে সব দলের অবস্থান আমরা সরকারের কাছে পৌঁছে দিতে পারব। যত দ্রুত তা করা সম্ভব হবে, তত দ্রুত বাস্তবায়ন এগোবে।" তিনি অংশগ্রহণকারী প্রতিটি রাজনৈতিক দলের অব্যাহত সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানান। বৈঠকে বিএনপি, জামায়াত, এনসিপিসহ ৩০টি রাজনৈতিক দলের প্রতিনিধিরা অংশ নেন। কমিশনের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন বিচারপতি মো. এমদাদুল হক, ড. ইফতেখারুজ্জামান, ড. বদিউল আলম মজুমদার, ড. মো. আইয়ুব মিয়া এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার।

## নেপাল থেকে নিরাপদে দেশে ফিরল

(শেষ পৃষ্টার পর)

অন্যান্য সদস্যরা। একই ফ্লাইটে ফিরেছেন নেপালে ম্যাচ কাভার করতে যাওয়া সাংবাদিকরাও। বাংলাদেশ বিমানবাহিনীর বিশেষ ফ্লাইটটি দুপুরে কাঠমাণ্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। সেখান থেকে দুপুর ২টা ৫৫ মিনিটে খেলোয়াড়, কোচিং স্টাফ ও সাংবাদিকদের নিয়ে বিমানটি ঢাকার উদ্দেশে রওনা দেয়। গত ৩ সেপ্টেম্বর দুটি প্রীতি ম্যাচ খেলতে নেপালে গিয়েছিল বাংলাদেশ। প্রথম ম্যাচ গোলশূন্য ড্র হলেও দ্বিতীয় ম্যাচটি আর মাঠে গড়ায়নি। নেপালে সামাজিক যোগাযোগমাধ্যম বন্ধকে কেন্দ্র করে দুর্নীতিবিরোধী আন্দোলনে জেন-জিরা রাস্তায় নামলে দেশজুড়ে সহিংসতা ছড়িয়ে পড়ে। আন্দোলনে কমপক্ষে ৩০ জন নিহত হয় এবং শেষ পর্যন্ত পদত্যাগ করতে বাধ্য হন দেশটির প্রধানমন্ত্রী কে পি শর্মা অলি। রাজনৈতিক সহিংসতার কারণে গত কয়েকদিন বিমানবন্দর বন্ধ থাকায় হোটেলে বন্দি অবস্থায় সময় কাটাতে হয়েছে বাংলাদেশ দলকে। মঙ্গলবার দেশে ফেরার কথা থাকলেও তা সম্ভব হয়নি। অবশেষে গতকাল সন্ধ্যার পর বিমানবন্দর খুলে দিলে আজ বিশেষ ফ্লাইটের মাধ্যমে নিরাপদে দেশে ফিরেছে লাল-সবুজের প্রতিনিধিরা। দেশে ফেরায় স্বস্তি ফিরে এসেছে খেলোয়াড়, কর্মকর্তাসহ তাদের পরিবারেও। তবে নেপালে প্রীতি ম্যাচ বাতিল হয়ে যাওয়ায় মাঠের লড়াইয়ে খানিকটা হতাশাই নিয়ে ফিরতে হলো জামাল ভূঁইয়াদের।

## নেপালে অস্থিরতায় নতুন দুশ্চিন্তায়

(শেষ পৃষ্টার পর)

নিহত হয়েছেন। বিক্ষোভকারীরা পার্লামেন্ট ভবনে হামলা চালিয়েছে এবং কয়েকজন রাজনীতিবিদের বাসভবনে অগ্নিসংযোগ করেছে। ঘটনার পরপরই দিল্লি গভীর উদ্বেগ প্রকাশ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্সে দেওয়া বার্তায় বলেন, "নেপালে সহিংসতার ঘটনা হৃদয়বিদারক। বহু তরুণের প্রাণহানি আমাকে মর্মাহত করেছে। নেপালের স্থিতিশীলতা ভারতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।" মঙ্গলবার তিনি মন্ত্রিসভার সহকর্মীদের নিয়ে জরুরি নিরাপত্তা বৈঠক করেন। ভারতের পাঁচটি রাজ্যের সঙ্গে নেপালের রয়েছে এক হাজার ৭৫০ কিলোমিটারেরও বেশি সীমান্ত। সীমান্তের ওপারে চীনের ওয়েস্টার্ন থিয়েটার কমান্ড অবস্থিতড়্যা ভারতের নিরাপত্তা বিশ্লেষকদের কাছে বিশেষ উদ্বেগের কারণ। এছাড়া প্রায় ৩৫ লাখ নেপালি ভারতে বসবাস বা কাজ করেন, এবং ভারতীয় সেনাবাহিনীতেও নেপালের প্রায় ৩২ হাজার গুর্খা কর্মরত। অবসরপ্রাপ্ত মেজর জেনারেল অশোক মেহতার মতে, "নেপালের ভৌগোলিক অবস্থান ভারতের জন্য কৌশলগতভাবে অত্যন্ত সংবেদনশীল। অস্থিরতা সেখানে সীমান্ত অতিক্রম করে ভারতের অভ্যন্তরেও প্রভাব ফেলতে পারে।" ভারত-নেপাল সম্পর্ক শুধু কৌশলগত নয়, সামাজিক ও সাংস্কৃতিকভাবেও গভীর। দুই দেশের সীমান্ত উন্মুক্ত; পাসপোর্ট বা ভিসা ছাড়াই যাতায়াত সম্ভব। বহু নেপালি পরিবার ভারতের বিভিন্ন অঞ্চলে বসবাস করে। আবার নেপালের তীর্থস্থানগুলোতে প্রতিবছর হাজারো ভারতীয় ভক্ত যাত্রা করেন। নেপাল খাদ্য ও জ্বালানির জন্য ভারতের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল। দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য প্রায় ৮.৫ বিলিয়ন ডলার। বিশ্লেষকদের মতে, রাজনৈতিক সংকট দীর্ঘায়িত হলে অর্থনৈতিক সম্পর্কেও অস্থিরতা দেখা দিতে পারে। বিশেষজ্ঞদের মতে, ভারতের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো ভারসাম্য রক্ষা। আন্দোলনকারীদের ক্ষোভ নেপালের প্রধান তিনটি রাজনৈতিক দলড়সিপিএন (ইউএমএল), নেপালি কংগ্রেস ও সিপিএন (মাওবাদী কেন্দ্র)ড়তিনটির বিরুদ্ধেই। অথচ দিল্লির সঙ্গে এই তিন দলেরই ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সঙ্গীতা থাপলিয়াল বলেন, "ভারতকে এখন খুব সতর্ক অবস্থান নিতে হবে। তারা নেপালে আরেকটি বাংলাদেশ পরিস্থিতি দেখতে চায় না।" ভারত-নেপাল সম্পর্ক অতীতে নানা টানাপড়েনের মধ্য দিয়ে গেছে। ২০১৯ সালে ভারতের নতুন মানচিত্র প্রকাশকে ঘিরে নেপাল ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছিল। সম্প্রতি চীন-ভারত-নেপাল সীমান্ত বাণিজ্য রুট নিয়েও বিরোধ দেখা দিয়েছে। বিশেষজ্ঞরা মনে করছেন, নতুন প্রশাসনের সঙ্গে ভারতের দ্রুত যোগাযোগ স্থাপন করা জরুরি। পাশাপাশি ক্ষুব্ধ তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করতে বৃত্তি, ফেলোশিপ ও কর্মসংস্থানের সুযোগ বাড়ানো প্রয়োজন। দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) কার্যত নিষ্ক্রিয়। ফলে প্রতিবেশী দেশগুলোর রাজনৈতিক অস্থিরতা ভারতের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াচ্ছে। বিশ্লেষক মেহতার মতে, "ভারত যদি বৈশ্বিক শক্তি হতে চায়, তবে আগে আশপাশের দেশগুলোর স্থিতিশীলতা নিশ্চিত করতে হবে।" নেপালের সাম্প্রতিক অস্থিরতা তাই দিল্লির কূটনীতির জন্য নতুন এক পরীক্ষার নাম।

## জাকসু নির্বাচন বর্জন করল ছাত্রদল

(শেষ পৃষ্টার পর)

আমাদের ঢুকতে দেওয়া হয়নি। ভোটার তালিকায় ছবির অভাব ছিল। ২১ নম্বর হলে মব সৃষ্টি করা হয়েছে। জাহানারা ইমাম হলে স্বতন্ত্র প্রার্থীর ওপর হামলা চালানো হয়েছে।" তিনি আরও বলেন, "জামায়াত নেতার সরবরাহকৃত ওএমআর মেশিন আমরা চাইনি। অথচ সেই প্রতিষ্ঠানের ব্যালটেই ভোটগ্রহণ চলছে। মেয়েদের হলে একই শিক্ষার্থীকে একাধিকবার ভোট দিতে দেখা গেছে। শিবিরপন্থী সাংবাদিকরা আমাদের প্রার্থীদের সঙ্গে অসদাচরণ করেছেন।" নির্বাচনের নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ উল্লেখ করে বৈশাখী বলেন, "এটি প্রহসনের নির্বাচন। শিক্ষার্থীদের রায়ের প্রতিফলন ঘটছে না। তাই আমরা বাধ্য হয়ে নির্বাচন বর্জনের ঘোষণা দিচ্ছি।" উল্লেখ্য, জাকসু ও হল সংসদ নির্বাচন দীর্ঘদিন পর অনুষ্ঠিত হলেও শুরু থেকেই অনিয়মের অভিযোগ তুলে আসছিল বিভিন্ন সংগঠন।

## টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়ে লিটন ও

(শেষ পৃষ্টার পর)

তৃতীয় ও শেষ ম্যাচে ৭৩ রানের ঝলমলে ইনিংস খেলে ছয় ধাপ এগিয়ে ব্যাটসম্যানদের তালিকায় ৪১তম স্থানে উঠে এসেছেন লিটন দাস। বর্তমানে বাংলাদেশের ব্যাটারদের মধ্যে তার ওপরে আছেন কেবল তানজিদ হাসান তামিম, যিনি তিন ধাপ পিছিয়ে এখন ৩৯তম স্থানে রয়েছেন। ডাচদের বিপক্ষে সিরিজে ব্যাট হাতে ধারাবাহিক ছিলেন লিটন। প্রথম দুই ম্যাচে ছিলেন অপরাজিত, আর বৃষ্টিতে বিঘ্নিত শেষ ম্যাচে খেলেন ৪৬ বলে ৭৩ রানের ইনিংস, যাতে ছিল ৬টি চার ও ৪টি ছক্কা। অন্যদিকে শেষ টি-টোয়েন্টিতে ১৩ বলে ২০ রানে অপরাজিত থাকা জাকের আলি এগিয়েছেন তিন ধাপ, তার অবস্থান এখন ৬০তম। একই ম্যাচে না খেলেও এক ধাপ এগিয়ে ৬৭তম স্থানে উঠে এসেছেন তরুণ ওপেনার পারভেজ হোসেন ইমন। বোলারদের র?্যাঙ্কিংয়েও দেখা গেছে পরিবর্তন। শেষ ম্যাচে মাঠে না নামলেও শ্রীলঙ্কার মাহিশ থিকশানার র?্যাঙ্কিং অবনমনের ফলে এক ধাপ এগিয়ে বোলারদের তালিকায় ১১তম স্থানে উঠে এসেছেন মুস্তাফিজুর রহমান।

# উৎসব ঘুরে দেশের হলে জয়ার 'ফেরেশতে'

বিনোদন ডেস্ক

দুই বাংলার নন্দিত অভিনেত্রী জয়া আহসান অভিনীত বাংলাদেশ-ইরান যৌথ প্রযোজনার চলচ্চিত্র 'ফেরেশতে' নির্মাণের পর থেকেই ঘুরে বেড়িয়েছে বিভিন্ন আন্তর্জাতিক উৎসবে। ইরানের মর্যাদাপূর্ণ ফজর চলচ্চিত্র উৎসবে মানবিক বার্তার জন্য ছবিটি জিতেছে জাতীয় পুরস্কার। এছাড়া ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪-এর উদ্বোধনী চলচ্চিত্র হিসেবেও প্রদর্শিত হয়েছিল 'ফেরেশতে'। ভারতের গোয়া আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবেও হয়েছে প্রশংসিত। বিদেশি চলচ্চিত্রপ্রেমীদের হাততালি কুড়ানোর পর এবার দেশের দর্শকের সামনে হাজির হচ্ছে সিনেমাটি। পুরস্কার হাতে নির্মাতা মুর্তজা অতাশ জমজম (ইরানের মর্যাদাপূর্ণ ফজর চলচ্চিত্র উৎসবে মানবিক বার্তার জন্য ছবিটি জিতেছে জাতীয় পুরস্কার) বিদেশের ফেস্টিভ্যাল ঘুরে অবশেষে মুক্তি পাচ্ছে বাংলাদেশের প্রেক্ষাগৃহে। দীর্ঘ তিন বছর অপেক্ষার পর ১৯ সেপ্টেম্বর দেশের সব সিনেপ্লেক্সে মুক্তি পাবে ছবিটি। ছবিটি ১২ সেপ্টেম্বর মুক্তির কথা থাকলেও শেষ মুহূর্তে তারিখ এক সপ্তাহ পেছানো হয়েছে। হল সংক্রান্ত জটিলতাই ছবিটির মুক্তির তারিখ পিছিয়েছে। তাছাড়া আসতে চলেছে দুর্গা পূজা। উৎসবের আমেজে দর্শক ছবিটি উপভোগ করতে পারবেন।



ইরানি নির্মাতা মুর্তজা অতাশ জমজম পরিচালিত 'ফেরেশতে' সমাজের প্রান্তিক মানুষের জীবনের গল্প। নির্মাতা রিয়েল লোকেশনে শুটিং করে সিনেমাটিকে বাস্তবসম্মত করার চেষ্টা করেছেন। এই কাজকে জয়া বলেছেন ভীষণ চ্যালেঞ্জিং অভিজ্ঞতা। তার ভাষায়, 'আমাদের দেশের সুবিধাবঞ্চিত মানুষের ভেতরে যে সংগ্রামী ও সাহসী চরিত্র রয়েছে, তাদেরই একজনের ভূমিকায় আমি অভিনয় করেছি।

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি (বোস্টান ইউনিভৃরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্), সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি–বৃহস্পতিবার, বিকেল ৪টা–সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা–দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা–১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০–বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা–দুপুর ২টা, বিকেল ৪টা–রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা–দুপুর ১টা
সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা–বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা–বিকেল ৫টা

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ১২ সেপ্টেম্বর ২০২৫ ইং

## বিদ্যুৎ বিলে ভুতুড়ে কারসাজি: দায় এড়ানোর সুযোগ নেই

মেহেরপুরের গাংনীতে পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন হাজার হাজার গ্রাহকের কাছে অস্বাভাবিক ও দ্বিগুণ-তিগুণ বিদ্যুৎ বিল প্রেরণের অভিযোগ উঠেছে। অভিযোগকারীরা বলছেন, জুলাই ও আগস্ট মাসে হঠাৎ কয়েকগুণ বেশি বিল ধরিয়ে দেওয়ার মাধ্যমে প্রায় ৪ কোটি ২৫ লাখ টাকা অতিরিক্ত আদায়ের চেষ্টা হয়েছে। এ ঘটনায় স্বাভাবিকভাবেই গ্রাহকদের মধ্যে তীব্র ক্ষোভ ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে। যেখানে কোনো পরিবারের মাসিক বিল ৪-৫ শত টাকার মধ্যে থাকার কথা, সেখানে হঠাৎ কয়েক হাজার থেকে কয়েক দশক হাজার টাকার বিল আসা নিছক ভুল বলে মেনে নেওয়া যায় না। অভিযোগ জানাতে গেলে অফিস থেকে 'বিল ঠিক আছে, কিস্তিতে দিন এই ধরনের জবাব দেওয়া একধরনের দায়িত্বহীনতা এবং ভোক্তাদের সঙ্গে প্রতারণার শামিল। প্রশ্ন জাগে, একসঙ্গে এত বিপুল সংখ্যক গ্রাহকের বিলে অনিয়ম ঘটল কীভাবে? এটি কি সত্যিই 'স্টাফদের ভুল', নাকি এর আড়ালে রয়েছে পরিকল্পিত কারসাজি? বিদ্যুৎ সেবার মতো গুরুত্বপূর্ণ খাতে সামান্যতম অব্যবস্থাপনা মানুষের ভোগান্তি বাড়ায় এবং সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে। অথচ প্রশাসন বলছেড় "লিখিত অভিযোগ এলে ব্যবস্থা নেওয়া হবে।" স্বতঃপ্রণোদিত হয়ে তদন্তে নামার পরিবর্তে এই অবস্থান মোটেই আশাব্যঞ্জক নয়। আমাদের দৃঢ় মত হলো, ১. অভিযোগের দ্রুত ও স্বচ্ছ তদন্ত হওয়া জরুরি। ২. দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। ৩. ভুক্তভোগীদের অতিরিক্ত আদায়কৃত অর্থ অবিলম্বে ফেরত দিতে হবে। ৪. বিল প্রস্তুতে আধুনিক ও প্রযুক্তিনির্ভর ব্যবস্থা চালু করতে হবে, যাতে ভবিষ্যতে এ ধরনের অনিয়ম আর না ঘটে। বিদ্যুৎ মানুষের মৌলিক সেবা। সেখানে গাফিলতি বা দুর্নীতির কোনো অজুহাত গ্রহণযোগ্য নয়। গাংনীর ঘটনার দায় এড়িয়ে যাওয়া যাবে না, এটি এখনই নিশ্চিত করতে হবে।

## খেলাধুলা নয়, শ্রমই বাস্তবতা

(প্রথম পৃষ্টার পর)

পরিবারে শিশুরা বই-খাতার বদলে কৃষিজমিতে কাজ করছে কিংবা দোকানে শ্রম দিচ্ছে। ফলে শৈশবেই তারা ঝরে পড়ছে স্বপ্নের সারি থেকে। স্বাস্থ্যখাতেও শিশুদের অবস্থা আশাব্যঞ্জক নয়। পুষ্টিকর খাবারের অভাবে শারীরিক ও মানসিক বিকাশ বাধাগ্রস্ত হচ্ছে। দুধ, ডিম, ফলমূলের মতো মৌলিক খাবার দরিদ্র পরিবারের নাগালের বাইরে। ফলে শিশুদের পুষ্টিহীনতা দীর্ঘস্থায়ী হচ্ছে। অপরদিকে শিশু রোগ বিশেষজ্ঞ চিকিৎসকের সংখ্যা অপ্রতুল এবং আধুনিক স্বাস্থ্যসেবার সুযোগ সীমিত। এতে সাধারণ অসুখও সময়মতো শনাক্ত হয় না, ফলে শিশুর ভবিষ্যৎ বিকাশ ক্ষতিগ্রস্ত হয়। বিনোদনের ক্ষেত্রেও মেহেরপুরের শিশুরা প্রায় বঞ্চিত। শহরে যে কয়েকটি খেলার মাঠ আছে সেগুলো অধিকাংশ সময় দখল হয়ে থাকে অন্য কাজে। গ্রামাঞ্চলে তো নির্দিষ্ট খেলার মাঠ নেই বললেই চলে। প্রযুক্তিনির্ভর জীবনযাত্রার ভিড়ে শিশুদের স্বাভাবিক খেলাধুলা ও কসরতের সুযোগ দিন দিন কমে যাচ্ছে। দলগত খেলাধুলা ও আনন্দমুখর শৈশব তাদের জীবনে বিরল হয়ে উঠছে। যদিও সরকারি-বেসরকারি নানা উদ্যোগ রয়েছে, তবে সেগুলোর কার্যকারিতা প্রশ্নবিদ্ধ। কাগজে-কলমে প্রকল্প থাকলেও তা অধিকাংশ সময় প্রান্তিক পরিবারগুলোতে পৌঁছায় না। রাজনৈতিক সদিচ্ছার অভাব, স্থানীয় পর্যায়ের দুর্বল বাস্তবায়ন ও জনসচেতনতার ঘাটতি সমস্যাকে আরও জটিল করে তুলছে। সমাধান খুঁজতে হলে সমন্বিত উদ্যোগ নিতে হবে এখনই। দরিদ্র পরিবারের শিশুদের শিক্ষায় ফিরিয়ে আনতে বিশেষ প্রণোদনা দিতে হবে। প্রতিটি ইউনিয়নে শিশুদের জন্য অন্তত একটি খেলার মাঠ নিশ্চিত করা জরুরি। স্বাস্থ্যসেবায় শিশু-বান্ধব অবকাঠামো তৈরি এবং বিশেষজ্ঞ চিকিৎসকের সংখ্যা বাড়ানো অপরিহার্য। পাশাপাশি অভিভাবকদের সচেতন করে তুলতে হবে, যাতে তারা শিশুদের শ্রম নয়, শিক্ষার পথে পাঠান। একটি জাতির ভবিষ্যৎ নির্ভর করে তার শিশুদের ওপর। মেহেরপুরের শিশুরা যদি শিক্ষা, স্বাস্থ্য ও বিনোদনের মৌলিক অধিকার থেকে বঞ্চিত হতে থাকে, তবে ক্ষতিগ্রস্ত হবে শুধু তাদের জীবন নয়, পিছিয়ে পড়বে পুরো সমাজ। তাই এখনই সময় সীমান্তের এই ছোট জেলাকে শৈশব-বান্ধব পরিবেশ গড়ে তোলার।

## মেহেরপুরের ক্লিনিকে স্বাস্থ্যঝুঁকি

(প্রথম পৃষ্টার পর)

বলছে, ক্লিনিকগুলোতে নিবন্ধিত চিকিৎসকের সংখ্যা থাকলেও বাস্তবে উপস্থিতি অনেক কম। ২২টি ক্লিনিকের মধ্যে ১৭টিতে স্থায়ী চিকিৎসক নেই। বেশিরভাগ ক্ষেত্রেই চিকিৎসকরা সপ্তাহে এক-দু'দিন আসেন। নার্স ও সহকারীর ঘাটতিও ব্যাপক, প্রতি শিফটে কমপক্ষে ৪৫ শতাংশ জনবল ঘাটতি রয়েছে। মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, গেল বুধবার মেহেরপুর শহরের  নিরাময় ক্লিনিক ও আরফা ডায়াগনস্টিক সেন্টারে মনিটরিং করা হয়। এসময় নিরাময় ক্লিনিকের লাইসেন্স নবায়ন না থাকা, অপারেশন থিয়েটারে মেয়াদোত্তীর্ণ ঔষধ ব্যবহার, এবং পর্যাপ্ত জনবল না থাকাসহ নানা অনিয়ম ধরা পড়ে। এ কারণে ক্লিনিক মালিককে ১০ হাজার টাকা জরিমানা করা হয় ।অন্যদিকে, আরফা ডায়াগনস্টিক সেন্টারে এক্স-রে মেশিন ব্যবহার পরিবেশ না থাকায় তা বন্ধ রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। জেলা সিভিল সার্জন অফিসের এক কর্মকর্তা বলেন, "আমরা নিয়মিত অভিযান চালাচ্ছি। গত তিন মাসে ২২টি ক্লিনিকের মধ্যে ৬টিকে বন্ধ করা হয়েছে। তবে জনবল সংকটের কারণে প্রতিটি ক্লিনিক নজরদারিতে রাখা সম্ভব হয় না। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, শুধু জরিমানা নয়, অনিয়মে জড়িত ক্লিনিকগুলোর লাইসেন্স বাতিল এবং রোগী সুরক্ষায় বিকল্প স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে। তারা মনে করেন, এখনই ব্যবস্থা না নিলে দীর্ঘমেয়াদে মেহেরপুরের মতো সীমান্তবর্তী জেলায় জনস্বাস্থ্য ভয়াবহ সংকটে পড়বে। ঢাকা মেডিকেলের প্রাক্তন প্রফেসার ডা. আসাদুজ্জামান বলেন , "২২টির মধ্যে ১৪টি ক্লিনিক অনিয়মে জড়িত এটি প্রমাণ করে যে নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর নয়। তদারকি বাড়াতে হবে, নইলে প্রতিদিনই নতুন রোগী ক্ষতিগ্রস্ত হবেন।"

## ডাকসু নির্বাচন শান্তিপূর্ণ হওয়ায়

(প্রথম পৃষ্টার পর)

আসবেন। আর নেপালের বিমানবন্দর আংশিক চালু হয়েছে। নেপালে আমাদের অ্যাম্বাসি বাংলাদেশিদের দেখভাল করছে।'

শফিকুল আলম বলেন, 'কিছু কিছু মেডিকেল কলেজে মানসম্পন্ন শিক্ষকের সংকট আছে। মেডিকেল কলেজে শিক্ষার মান যাতে আরও উন্নত হয়, যারা অবসরে গেছেন তাদের কীভাবে সংকটের জায়গাগুলোতে পুনরায় নিয়ে আসা যায়, সেই বিষয়ে আলাপ করা হয়েছে।

## মেহেরপুরে কৃষকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

আলীর ছেলে হকার জমির কাঁঠাল গাছে ওড়না দিয়ে মরদেহ ঝুলন্ত অবস্থায় দেখা যায়। এসময় তারা  বারাদী পুলিশ ক্যাম্পে খবর দেন। বরাদী ক্যাম্পের এসআই রেজাউল করিম ও তার ফোর্স দ্রুত ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে। বারাদি পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই রেজাউল করিম বলেন, "স্থানীয়দের ভাষ্যমতে আব্দুস সালাম মানসিক রোগে ভুগছিলেন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে আত্মহত্যা। মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। ময়না তদন্তের প্রতিবেদন হাতে এলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।"

## মুজিবনগরে চার ওয়ারেন্টভুক্ত আসামি

(প্রথম পৃষ্টার পর)

ওসি মিজানুর রহমান জানায়, গ্রেফতারকৃতদের বিধি মোতাবেক আদালতে প্রেরণ করা হয়েছে। জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের আইনের আওতায় আনতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

## সাফল্য ব্যর্থতা: মানবকল্যাণের দ্বৈত শিক্ষক

মিজানুর রহমান অপু



মানবজীবনে সাফল্য ও ব্যর্থতা দুটোই অবশ্যম্ভাবী। কেউ সারাজীবন শুধু সাফল্যের মধ্যে বাঁচে না, আবার কেবল ব্যর্থতাতেও আটকে থাকে না। বাস্তবে এ দুটো একে অপরকে পরিপূরক করে চলে। ব্যর্থতা মানুষকে শিক্ষা দেয়, আর সাফল্য দেয় আত্মবিশ্বাস। তবে দুটোই সাময়িক কারণ সময়, পরিস্থিতি ও ভাগ্যের পরিবর্তনের সাথে সবকিছুই রূপান্তরিত হয়। ব্যর্থতার মূল্য হলো এটি মানুষকে ধৈর্য, সহনশীলতা এবং নতুন অভিজ্ঞতা গ্রহণের মানসিকতা শেখায়। বৈজ্ঞানিক গবেষণা কিংবা ব্যবসায়িক সফলতার পেছনে অসংখ্য ব্যর্থতা লুকিয়ে থাকে। ব্যর্থতা মানুষকে বিনম্র করে এবং ভেতরের শক্তি জাগ্রত করে। অন্যদিকে সাফল্য আত্মবিশ্বাস বাড়ায়, নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হতে সাহস জোগায়। ব্যক্তিগত অর্জন শুধু অর্জনকারীকেই নয়, আশেপাশের মানুষকেও অনুপ্রাণিত করে। সমাজে সাফল্য নতুন সুযোগ ও উন্নয়নের পথ খুলে দেয়। তবে সাফল্য বা ব্যর্থতা স্থায়ী নয়। আজকের অর্জন কাল প্রাসঙ্গিক নাও হতে পারে। প্রযুক্তির পরিবর্তন, অর্থনৈতিক সংকট বা প্রাকৃতিক দুর্যোগ মুহূর্তেই সাফল্যকে ব্যর্থতায় রূপ দিতে পারে। তাই এ দুটিকে অস্থায়ী ভেবে গ্রহণ করতে পারলে মানুষ মানসিক ভারসাম্য বজায় রাখতে পারে। ইতিহাসও এর সাক্ষী। হিটলার একসময় জার্মানিতে রাজনৈতিক সাফল্যের প্রতীক হলেও আজ তিনি মানবতার জন্য অভিশাপ। অন্যদিকে আলফ্রেড নোবেলের ডিনামাইট যেমন উন্নয়নে ভূমিকা রেখেছে, তেমনি ধ্বংসও ডেকে এনেছে; কিন্তু তার নামে প্রতিষ্ঠিত নোবেল পুরস্কার আজও মানবকল্যাণে আলো ছড়াচ্ছে।

অতএব, জীবনের সার্থকতা হলো ব্যর্থতা থেকে শিক্ষা নেওয়া এবং সাফল্য থেকে অনুপ্রেরণা নিয়ে মানবকল্যাণে কাজ করা। স্থায়ী নয় বলেই এই অভিজ্ঞতাগুলো মানুষকে গতিশীল রাখে এবং উন্নত ভবিষ্যৎ গড়ার শক্তি জোগায়।

# দ্বিতীয় বিয়ে শরিয়তের সুযোগ, নৈতিকতার পরীক্ষা

জাহেদুল ইসলাম

মানবজীবনের সবচেয়ে সংবেদনশীল সম্পর্ক হলো স্বামীস্ত্রীর সম্পর্ক। এটি শুধু সামাজিক বন্ধন নয়, বরং ভালোবাসা, দায়িত্ব ও শরিয়তের এক পবিত্র অঙ্গীকার। এই সম্পর্কে যেমন স্নেহ-সহমর্মিতা রয়েছে, তেমনি রয়েছে কিছু মৌলিক অধিকারও। এর মধ্যে যৌন সম্পর্ক একটি অপরিহার্য দিক। কখনো কখনো দেখা যায়, স্ত্রী স্বামীর যৌন চাহিদার প্রতি অনাগ্রহী হয়ে ওঠেন কিংবা শারীরিকভাবে অক্ষম হয়ে পড়েন। এমন পরিস্থিতিতে অনেক স্বামী দ্বিতীয় বিয়ের কথা ভাবেন। কিন্তু প্রশ্ন হলোড়স্ত্রীর অনুমতি ছাড়া দ্বিতীয় বিয়ে শরিয়তসম্মত কি না? পবিত্র কুরআনের সুরা নিসার তৃতীয় আয়াতে আল্লাহ তাআলা দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বিয়ের অনুমতি দিয়েছেন; তবে শর্ত রেখেছেন ন্যায়বিচারের। ইসলামী ফিকহে কোনো মাজহাবই প্রথম স্ত্রীর অনুমতিকে শর্ত করেনি। হানাফি, মালিকি, শাফেয়ি ও হাম্বলিড়সব মাজহাবের অভিমত হলো, স্ত্রীর অনুমতি ছাড়াই দ্বিতীয় বিয়ে বৈধ। ইমাম ইবনে কুদামা (রহ.) ও ইমাম নববী (রহ.) দুজনেই লিখেছেন, অনুমতি ছাড়াই বিয়ে করলে তা শরিয়তের দৃষ্টিতে সহিহ হবে, গোনাহ হবে নাড়তবে অবশ্যই স্ত্রীর হক যথাযথভাবে আদায় করতে হবে। অন্যদিকে কুরআনের আরেক জায়গায় (সুরা নিসা: ১২৯) আল্লাহ সতর্ক করেছেন, নারীদের মধ্যে পূর্ণ ন্যায়বিচার করা মানবপক্ষে প্রায় অসম্ভব। কাজেই কোনো স্ত্রীকে অবহেলা বা কষ্ট দিয়ে অন্যের প্রতি ঝুঁকে পড়া ইসলামে নিষিদ্ধ। ফাতাওয়া হিন্দিয়া-তেও বলা হয়েছেড়স্ত্রী যদি দীর্ঘ সময় স্বামীর যৌন চাহিদা পূরণে অক্ষম হন, তবে স্বামী দ্বিতীয় বিয়ে করতে পারেন। অর্থাৎ ইসলাম দ্বিতীয় বিয়েকে নিষিদ্ধ করেনি, বরং প্রয়োজনীয় পরিস্থিতিতে বিকল্প সমাধান হিসেবে অনুমতি দিয়েছে। তবে এটিকে ক্ষমতার প্রদর্শন বা স্ত্রীকে শায়েস্তা করার হাতিয়ার বানানো সম্পূর্ণ অন্যায় ।রাসুলুল্লাহ (সা.)-এর জীবনে আমরা দেখি, তিনি প্রতিটি স্ত্রীর সঙ্গে ন্যায়পরায়ণ আচরণ করেছেন এবং সম্পর্কের ভিত্তি রেখেছেন বিশ্বাস, সম্মান ও খোলামেলা আলোচনার ওপর। তাই বলা যায় শরিয়ত দ্বিতীয় বিয়ের বৈধতা দিলেও নৈতিকতা, পারিবারিক শান্তি ও মানবিকতার প্রশ্ন উপেক্ষা করা যাবে না। বৈধতার আড়ালে যদি অবিচার লুকিয়ে থাকে, তবে সেই বৈধতা সম্পর্কের জন্য বিষফোঁড়া হয়ে দাঁড়ায়।

ইসলাম শুধু নিয়মের ধর্ম নয়, এটি মানবিকতার ধর্মও। তাই দ্বিতীয় বিয়ে করার আগে একজন মুসলিম পুরুষের উচিত আত্মবিশ্লেষণ করা, স্ত্রীর সঙ্গে আলোচনা করা এবং ন্যায়বিচারের পূর্ণ আত্মবিশ্বাস অর্জন করা। বৈধতার পাশাপাশি নৈতিকতার পরীক্ষায় উত্তীর্ণ হওয়াই ইসলামের প্রকৃত চেতনা।

## হেযবুত তওহীদের গোলটেবিল বৈঠক

(প্রথম পৃষ্টার পর)

বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) সকাল ১০ টায় মেহেরপুর প্রেসক্লাবে অনুষ্ঠিত বৈঠকের সভাপতিত্ব করেন হেযবুত তওহীদের মেহেরপুর জেলা শাখার সভাপতি সাহারুল ইসলাম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য মোখলেছুর রহমান সুমন। সুমন বলেন, তওহীদ অর্থাৎ আল্লাহর হুকুমের ভিত্তিতে রাষ্ট্রের প্রতিটি স্তরেরড় রাজনীতি, বিচারব্যবস্থা, মসজিদ ব্যবস্থা, প্রতিরক্ষা, আইনশৃঙ্খলা, গণমাধ্যম এবং নারীর ভূমিকাড়নির্ধারণ করা সম্ভব। তিনি আরও বলেন, মানব সৃষ্ট কোনো মতবাদ শান্তি প্রতিষ্ঠা করতে পারেনি, বরং সংঘাত সৃষ্টি করেছে; একমাত্র আল্লাহ প্রদত্ত জীবনব্যবস্থা ন্যায়, সাম্য ও সুবিচার নিশ্চিত করতে পারে। গণমাধ্যমের স্বাধীনতা প্রসঙ্গে তিনি বলেন, আল্লাহ প্রদত্ত নীতিমালা মেনে গণমাধ্যম স্বচ্ছ ও নিরপেক্ষ থাকবে। মিথ্যা তথ্য প্রচার, অপবাদ, পরনিন্দা, উপহাসমূলক বক্তব্য বা গোপন গোয়েন্দাগিরি ইসলামিক নীতিতে নিষিদ্ধ। মিনারুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় আমির তানভির আহমেদ, কুষ্টিয়া আঞ্চলিক আমির জসেব উদ্দীন, মেহেরপুর জেলা সাধারণ সম্পাদক জাহিদ মাহমুদ, মেহেরপুর প্রেসক্লাব সভাপতি ফজলুল হক মন্টু, মুজিবনগর প্রেসক্লাব সভাপতি ওমর ফারুক প্রিন্স এবং গাংনী প্রেসক্লাব সাধারণ সম্পাদক ও মাই টিভি জেলা প্রতিনিধি মাহবুব আলম।

## স্যালোইঞ্জিনের ধাক্কায় নারীর মৃত্যু

(প্রথম পৃষ্টার পর)

মহাসড়কের উত্তর দিক থেকে দক্ষিণ দিকে যাচ্ছিলেন। এসময় গরু বোঝাই একটি নছিমন তাঁকে ধাক্কা দেয়। এতে তিনি সড়কের উপর পড়ে মাথায় রক্তাক্ত জখম হন এবং ঘটনাস্থলেই মারা যান। নছিমন চালক পালিয়ে গেছে। মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেজবাহ উদ্দীন জানান, নিহত নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে এবং নছিমনটি পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। নিহত নারীর পরিচয় শনাক্তের চেষ্টা চলছে।

## মেহেরপুরে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শেষে

(প্রথম পৃষ্টার পর)

হাসান, রাসেল, জান্নাতুল ফেরদৌস প্রমুখ বক্তব্য রাখেন। ৪০ দিনব্যাপী এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন ২০ জন প্রশিক্ষণার্থী। সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম বলেন, "লেখাপড়া করে শুধু সরকারি চাকরিতে যাওয়ার ধারণা এখন বাদ দিতে হবে। ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ নিলে ঘরে বসেই উচ্চ আয় সম্ভব।"

## ৭২ ঘণ্টায় ছয় দেশে হামলা চালাল

(প্রথম পৃষ্টার পর)

বেঁচে যান। এ খবর জানিয়েছে আল জাজিরা। গণমাধ্যমটির প্রতিবেদনে বলা হয়, ইসরাইলের হামলা শুধু কাতারেই সীমাবদ্ধ ছিল না। ফিলিস্তিন, লেবানন, সিরিয়া, তিউনিসিয়া, কাতার এবং ইয়েমেনড় মোট ছয়টি দেশে হামলা চালিয়েছে তারা। সোমবার থেকে গাজায় চালানো ইসরাইলি হামলায় অন্তত ১৫০ জন নিহত এবং পাঁচ শতাধিক মানুষ আহত হয়েছেন। সোমবারই হাসপাতালগুলো ৬৭ জনের মৃতদেহ গ্রহণ করে। আহত হন ৩২০ জন। এদের মধ্যে ১৪ জন ছিলেন ত্রাণপ্রার্থী। একইসঙ্গে দুর্ভিক্ষে মারা যান দুই শিশুসহ ছয়জন। মঙ্গলবার আরও ৮৩ জন নিহত ও ২২৩ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে। গাজায় হামলার মধ্যেই সোমবার দুপুরে লেবাননের বেক্কা ও হেরমেল জেলায় বিমান হামলা চালায় ইসরাইল। এতে অন্তত পাঁচজন নিহত হন। ইসরাইল দাবি করেছে, হামলাগুলো হিজবুল্লাহর সামরিক স্থাপনা ও অস্ত্রাগারে চালানো হয়েছে। তবে এ দাবি স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। একই দিন সিরিয়ার লাতাকিয়া শহরের একটি বিমান ঘাঁটি ও সামরিক ব্যারাকে হামলা চালায় দেশটি। এতে বসতবাড়ি ক্ষতিগ্রস্ত হয়। সিরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় এ হামলার তীব্র নিন্দা জানিয়ে একে আঞ্চলিক নিরাপত্তার জন্য হুমকি বলে মন্তব্য করেছে। সোমবার রাতে তিউনিসিয়ার গ্লোবাল সুমুদ ফ্লোটিলার প্রধান জাহাজ বন্দরে নোঙর করার সময় ড্রোন হামলার শিকার হয়। ধারণা করা হচ্ছে, এ হামলাও ইসরাইলের অংশ। হামলার ফলে ২৩ মিটার দীর্ঘ জাহাজটিতে আগুন ধরে যায় এবং প্রধান ডেক মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। তবে যাত্রী ও ক্রুরা অল্পের জন্য প্রাণে বেঁচে যান। অন্যদিকে বুধবার ইয়েমেনের রাজধানী সানার বিমানবন্দরে হামলা চালায় ইসরাইল। এক মাসের মধ্যে এটি দ্বিতীয় হামলা। এর আগে ২৮ আগস্ট একই ধরনের হামলায় হুথি সরকারের প্রধানমন্ত্রী আহমেদ আল রাহাউই নিহত হয়েছিলেন। টানা কয়েকদিনে ছয় দেশে এ ধরনের হামলা চালানোয় আন্তর্জাতিক অঙ্গনে ব্যাপক উদ্বেগ ও নিন্দা দেখা দিয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, মধ্যপ্রাচ্যের এই উত্তেজনা দ্রুত আঞ্চলিক সংঘাতে রূপ নিতে পারে।

## মেহেরপুরে পরিবেশ সচেতনতায়

(প্রথম পৃষ্টার পর)

সেমিনারের আয়োজন করে। সেমিনারে সভাপতিত্ব করেন বিদ্যালয় ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রওশনারা খাতুন। প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা কৃষি অফিসার মো. নিরুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত কৃষি অফিসার রাজিবুল হাসান ও উপসহকারী কৃষি অফিসার চায়না খাতুন। অনুষ্ঠানে সহকারি প্রধান শিক্ষক ফিরোজ আহমেদ, প্রভাষক মফিজুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। শেষে কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

## ঝিনাইদহের মহেশপুর সীমান্তে অস্ত্র

(প্রথম পৃষ্টার পর)

পরিচালক মুন্সি ইমদাদুর রহমানের পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজিবি জানিয়েছে, বেলা সাড়ে ১২টার দিকে বাঘাডাংগা বিওপি'র জেসিও সুবেদার আতিয়ার রহমানের নেতৃত্বে অভিযান চালায় বিজিবি। এসময় বাঘাডাঙ্গা গ্রামের একটি খড়ের গাদা থেকে একটি আগ্নেয়াস্ত্র ও গুলি উদ্ধার করা হয়। উদ্ধারকৃত অস্ত্র ও গুলি আইনগত প্রক্রিয়ার মাধ্যমে মহেশপুর থানায় হস্তান্তর করেছে বিজিবি। মহেশপুর থানার ওসি নজরুল ইসলাম বলেন, বিজিবি উদ্ধারকৃত অস্ত্র ও গুলি থানায় হস্তান্তর করেছে। এ ঘটনায় পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

## কুষ্টিয়ায় পদ্মার ভাঙনে বিজিবির

(প্রথম পৃষ্টার পর)

আগে সেখান থেকে বিজিবির সব সদস্য ও প্রয়োজনীয় জিনিসপত্র পাশের চর চিলমারী বিওপিতে সরিয়ে নেওয়া হয়েছে। তাই বড় ধরনের ক্ষতি হয়নি। চর চিলমারী বিওপি থেকেই উদয়নগর এলাকায় টহল কার্যক্রম অব্যাহত রাখা হচ্ছে।

পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) কর্মকর্তারা বলেন, তিন মাস আগের পর্যবেক্ষণে পদ্মা-গড়াই নদনদীর অন্তত ১৭টি স্থানে ভাঙনের ঝুঁকি আছে বলে আশঙ্কা করা হয়েছিল। এ বছর পানি বাড়ার সঙ্গে সেসব এলাকায় ভাঙন দেখা দেয়। বর্তমানে পানি কমছে, আর এতে ভাঙন আরও তীব্র আকার ধারণ করেছে। ভাঙনকবলিত এলাকার মধ্যে দৌলতপুরের উদয়নগর বিওপি ছিল অন্যতম। সেখানে জিওব্যাগ ফেলে রক্ষার চেষ্টা করা হলেও ভাঙনের তীব্রতায় তা কাজে আসেনি। বিজিবি সূত্র জানায়, সীমান্তঘেঁষা উদয়নগর বিওপিতে ২২ থেকে ২৫ জন সদস্য থাকতেন। কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ এই বিওপির বেশির ভাগ অংশ নদীতে বিলীন হয়েছে। অবশিষ্ট অংশও কয়েক দিনের মধ্যে ভেঙে যেতে পারে বলে ধারণা করা হচ্ছে।

পাউবোর কুষ্টিয়া কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী রাশিদুর রহমান বলেন, 'সকালে উদয়নগর বিওপি এলাকায় গিয়ে পরিস্থিতি দেখা হয়েছে। পানি কমায় ভাঙন তীব্র হচ্ছে। বিওপিটি রক্ষা করা সম্ভব হয়নি। দৌলতপুর ও ভেড়ামারার আরও কয়েকটি স্থানে ভাঙন দেখা দিয়েছে।'

## মেহেরপুরে জামায়াতে ইসলামীর

(প্রথম পৃষ্টার পর)

মাওলানা তাজ উদ্দিন খানের গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার ( ১১ সেপ্টম্বর) বিকেলে আয়োজিত এ গণসংযোগে সভাপতিত্ব করেন বাগোয়ান ইউনিয়ন জামায়াতের আমির মাওলানা ফারুক হোসেন। গণসংযোগে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতের আমির মাওলানা খান জাহান আলী, উপজেলা নায়েবে আমির মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম, উপজেলা সেক্রেটারি জনাব খাইরুল বাসার, উপজেলা পেশাজীবী সংগঠনের সভাপতি জনাব মোশারফ হোসেন, উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি জনাব ফজলুল হক গাজী, উপজেলা বাইতুলমাল সেক্রেটারি জনাব আমির হোসেন ও বাগোয়ান ইউনিয়ন সেক্রেটারি জনাব হাফিজুর রহমান।  গণসংযোগে বক্তারা বলেন, দেশের চলমান রাজনৈতিক প্রেক্ষাপটে ইসলামপন্থী নেতৃত্বকে বিজয়ী করার বিকল্প নেই। জনগণের দোয়া ও সমর্থন নিয়ে মাওলানা তাজ উদ্দিন খানকে জয়ী করার জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়। এদিকে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুর শহরে পৃথক  গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) সন্ধ্যায় শহরের প্রধান সড়ক ও বাজার এলাকায় এ কর্মসূচি পালন করা হয়। মেহেরপুর পৌরসভার ওয়াপদা মোড়ে জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলমের নেতৃত্বে গণসংযোগে অংশ নেন জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওলানা রুহুল আমিন, জেলা তারবিয়াত সেক্রেটারি মাওলানা রফিকুল ইসলাম ও পৌর আমীর সোহেল রানা ডলার। গণসংযোগ কর্মসূচিতে নেতারা আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করেন। একই সঙ্গে দলীয় প্রার্থী মাও. তাজউদ্দীন খানের পক্ষে সমর্থন আদায়ের আহ্বান জানান।

## নির্বাচনে সিসিটিভি ও বডি ক্যামে

(প্রথম পৃষ্টার পর)

আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও অনিয়ম রোধেও কার্যকর হতো। ইসির উপসচিব রাশেদুল ইসলামের স্বাক্ষরে সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিবকে পাঠানো এক চিঠিতে এ সিদ্ধান্ত জানানো হয়। এর আগে এ নিয়ে কয়েক দফা বৈঠক হয়েছে বলে জানান নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। তিনি বলেন, "এক দিনের জন্য আউটসোর্স করেও এত বিপুল পরিমাণ ক্যামেরা ভাড়া পাওয়া যায় না। আবার এতগুলো ক্যামেরা কেনাও যৌক্তিক নয়।" বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল বলেন, "সাধারণ মানুষ আশান্বিত ছিল ভোটকেন্দ্রে সিসিটিভি ও বডি ক্যামেরা নিয়ে। ইসি একতরফা সিদ্ধান্ত না নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করলে ভালো হতো।" জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ড. হামিদুর রহমান আযাদ বলেন, "ডাকসু নির্বাচনে সিসিটিভি থাকায় কারচুপির অভিযোগ টেকেনি। জাতীয় নির্বাচনেও সিসিটিভি দরকার।"জাতীয় নাগরিক পার্টির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন মন্তব্য করেন, "ভোটার ও পোলিং এজেন্টদের নিরাপত্তা নিশ্চিতে সিসিটিভি অপরিহার্য। আবার পুলিশের শরীরে বডি ক্যামেরা থাকলে অনিয়ম প্রতিরোধ সম্ভব। ইসির সিদ্ধান্তে আমরা দুদিক থেকেই অনিরাপদ হয়ে পড়ব।" ইসি ইতোমধ্যে আসন্ন নির্বাচনের জন্য ৪২ হাজার ৬১৮টি ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে। দেশে বর্তমানে ভোটার সংখ্যা ১২ কোটি ৬১ লাখ ৬১ হাজার ২০১ জন। গড়ে প্রতি তিন হাজার ভোটারের জন্য একটি কেন্দ্র নির্ধারণ করা হয়েছে। দ্বাদশ সংসদ নির্বাচনে কেন্দ্র ছিল ৪২ হাজার ১৫০টি। সুষ্ঠু নির্বাচন আয়োজনে ইসি মাঠপর্যায়ে প্রশাসনিক সমন্বয় কমিটি গঠন করতে যাচ্ছে। এতে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন, স্থানীয় সরকার, ভূমি, আইন, প্রাথমিক ও গণশিক্ষা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি থাকবেন। শিগগিরই এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে চিঠি দেওয়া হবে। অন্যদিকে নতুন রাজনৈতিক দলের নিবন্ধন নিয়ে আজ বৈঠকে বসছে নির্বাচন কমিশন। মাঠপর্যায়ের তদন্ত শেষে যাচাই-বাছাইয়ের ভিত্তিতে নিবন্ধন চূড়ান্ত করা হবে।

## আমঝুপিতে সেলাই মেশিন ও ঔষধ

(প্রথম পৃষ্টার পর)

চেয়ারম্যান সিরাজুল ইসলাম ।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিবার পরিকল্পনা অফিসের মেডিকেল অফিসার ডাঃ রফিকুল আলম। অনুষ্ঠানে ইউপি প্রশাসনিক কর্মকর্তা মৌসুমী খাতুন সঞ্চালনা করেন। এছাড়াও বক্তব্য রাখেন ইউপি সদস্য তৌফিক এলাহী, আসাদুল হক পিন্টু ও প্রধান শিক্ষক কিতাব আলী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরও অনেকে, যার মধ্যে ছিলেন ইউপি সদস্য আব্দুল মজিদ, আব্দুল্লাহ, আরিফ হোসেন, মকবুল হোসেন, সালমা খাতুন, মেরিনা সুলতানা এবং হিসাব সহকারী আসিফ ইকবাল। এই উদ্যোগের মাধ্যমে এলাকার সুবিধাবঞ্চিত ও যুবসমাজের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করার পাশাপাশি খেলাধুলা ও স্বাস্থ্য সচেতনতা বাড়ানো লক্ষ্য রাখা হয়েছে।

## শেখ হাসিনাসহ ২৮৬ জনের

(প্রথম পৃষ্টার পর)

প্রতিবেদন দাখিলের তারিখ নির্ধারিত ছিল। তবে পুলিশ প্রতিবেদন দাখিল না করায় আদালত নতুন করে আগামী ৯ অক্টোবর দিন ধার্য করেছে। মামলার উল্লেখযোগ্য আসামিদের মধ্যে রয়েছেনড় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি ড. রাব্বি আলম, জয়বাংলা ব্রিগেডের সদস্য কবিরুল ইসলাম, এডভোকেট কামরুল ইসলাম, এলাহী নেওয়াজ মাছুম, প্রফেসর তাহেরুজ্জামান, এ কে এম আক্তারুজ্জামান, আওয়ামী লীগ নেতা সাবিনা ইয়াসমিন, সাবেক এমপি সৈয়দ রুবিনা আক্তার, সাবেক এমপি পংকজ নাথ, ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেনসহ আরও অনেকে। মামলার এজাহার সূত্রে জানা যায়, গত বছরের ১৯ ডিসেম্বর অনলাইন প্ল্যাটফর্মে 'জয় বাংলা ব্রিগেড' নামে একটি সংগঠন গঠন করে সরকার উৎখাতের পরিকল্পনা করা হয়। ওই সভায় শেখ হাসিনাকে পুনরায় ক্ষমতায় বসাতে গৃহযুদ্ধের ঘোষণা দেওয়া হয় এবং বৈধ সরকারকে দেশ পরিচালনা করতে না দেওয়ার অঙ্গীকার প্রকাশ করা হয়। সিআইডির সহকারী পুলিশ সুপার মো. এনামুল হক ২০২৫ সালের ২৭ মার্চ রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে মামলাটি দায়ের করেন। পরে তদন্ত শেষে গত ১৪ আগস্ট আদালতে চার্জশিট দাখিল করা হয়। আদালত চার্জশিট গ্রহণ করে সকল আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছিলেন। এ বিষয়ে আদালত আজ দেশত্যাগে নিষেধাজ্ঞার পাশাপাশি আগামী ৯ অক্টোবর গ্রেফতার সংক্রান্ত প্রতিবেদনের জন্য নতুন দিন ধার্য করেছে।

## হিজলবাড়ী মাঠে র‍্যাবের অভিযানে

(প্রথম পৃষ্টার পর)

বেলা ১১টায় এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন। প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার রাতে হিজলবাড়ী বটতলার মাঠে অভিযান চালায় র‍্যাবের একটি দল। অভিযানে পরিত্যক্ত অবস্থায় একটি লাল শপিং ব্যাগের ভেতরে লাল কাপড়ে মোড়ানো লোহার তৈরি ওয়ান শুটারগান উদ্ধার করা হয়। র‍্যাবের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, আইনশৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে এবং সব ধরনের অপরাধীকে আইনের আওতায় আনতে তাদের অভিযান অব্যাহত থাকবে।

# ট্রাম্পের সহযোগী চার্লি কার্ক গুলিতে নিহত

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের প্রভাবশালী রক্ষণশীল রাজনৈতিক নেতা, টার্নিং পয়েন্ট ইউএসএর সহ-প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট ট্রাম্পের সহযোগী চার্লি কার্ক ইউটাহ ভ্যালি ইউনিভার্সিটিতে বক্তৃতা দেওয়ার সময় গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছেন। বুধবার (১০ সেপ্টেম্বর) উটাহ ভ্যালি ইউনিভার্সিটি ক্যাম্পাস ইভেন্টে গুলিবিদ্ধ হয়ে মারা যান। সেসময় তিনি বক্তৃতা দিচ্ছিলেন এবং একটি গুলি তার গলায় আঘাত করে। চার্লি কার্ক নিহতের পর সন্দেহভাজন একজনকে হেফাজতে নেওয়া হয়েছে বলে জানিয়েছে এফবিআই। এক্স প্ল্যাটফর্মে এফবিআই পরিচালক কাশ প্যাটেল লিখেছেন, 'আজকার ভয়ঙ্কর গুলিতে চার্লি কার্কের জীবনহানির ঘটনায় সংশ্লিষ্ট ব্যক্তি এখন হেফাজতে। ইউটাহের স্থানীয় ও রাজ্য কর্তৃপক্ষ এফবিআইকে সহযোগিতার জন্য ধন্যবাদ।' চার্লি কার্কের বয়স হয়েছিল ৩১ বছর। তিনি 'দ্য আমেরিকান কমব্যাক ট্যুর' নামের রাজনৈতিক সফরের অংশ হিসেবে তরুণদের মধ্যে রক্ষণশীল মূল্যবোধ প্রচার করছিলেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পসহ বিভিন্ন রাজনৈতিক নেতা এই হত্যাকাণ্ডের নিন্দা জানিয়েছেন এবং পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছেন। বিশ্লেষকরা মনে করছেন, তার মৃত্যু যুক্তরাষ্ট্রে রাজনৈতিক সহিংসতার নতুন অধ্যায় সূচিত করতে পারে।

# বাসিন্দাদের গাজা ছাড়তে বলছে ইসরাইল, মানছে না বিশ্ব স্বাস্থ্য সংস্থা

সূর্যোদয় প্রতিবেদন

ইসরাইলি সামরিক বাহিনী গাজা সিটিতে তাদের হামলা জোরদার করেছে। বুধবার তারা সাধারণ মানুষদের শহর ছেড়ে যাওয়ার নির্দেশ দেয়। তবে জাতিসঙ্ঘের স্বাস্থ্যবিষয়ক সংস্থা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) জানিয়ে দিয়েছেড়তাদের কর্মীরা গাজা ছাড়বে না। জেনেভা থেকে বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে ডব্লিউএইচও লিখেছে, "গাজার সাধারণ নাগরিকদের জানাতে চাইড়ডব্লিউএইচও ও এর সহযোগী সংস্থাগুলো গাজা সিটিতেই থাকবে।" জাতিসঙ্ঘের হিসাবে, গাজা সিটি ও আশপাশের এলাকায় প্রায় ১০ লাখ ফিলিস্তিনি বসবাস করে। শহরটি দখল করাই ইসরাইলি সেনাদের মূল উদ্দেশ্য। ডব্লিউএইচও প্রধান টেড্রোস আধানম ঘেব্রেয়াসুস এক পোস্টে বলেন, "বাসিন্দাদের সরে যেতে বলার সর্বশেষ নির্দেশে আমরা হতবাক। ১০ লাখ মানুষকে দক্ষিণাঞ্চলে তথাকথিত 'মানবিক অঞ্চলে' পাঠানোর নির্দেশ একেবারেই অযৌক্তিক। ওই এলাকায় আগে থেকেই থাকা মানুষের জন্য পর্যাপ্ত জায়গা বা সেবা নেই, নতুনদের জন্য তো একদমই নেই। তিনি আরও বলেন, গাজা উপত্যকার সচল থাকা হাসপাতালগুলোর অর্ধেকের বেশি গাজা সিটিতেই অবস্থিত।